

একাদশে ভর্তি নীতিমালা প্রকাশ, আবেদন শুরু ১০ আগস্ট

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

চলতি বছর একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা প্রকাশ করেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। তিন ধাপে এই ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। তিনটি ধাপে ভর্তি নিশ্চয়ন করা শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলবে ২৬ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবর পর্যন্ত। ৮ অক্টোবর থেকে একাদশের শ্রেণি কার্যক্রম শুরু হবে।

প্রথম ধাপে ভর্তির আবেদন গ্রহণ শুরু হবে আগামী ১০ আগস্ট।

রবিবার (০৬ আগস্ট) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৩ প্রকাশ করা

হয়েছে। ২০২১, ২০২২ ও ২০২৩ সালে এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ

প্রার্থীরা ভর্তির আবেদন করতে পারবে।

নীতিমালা অনুযায়ী, শুধুমাত্র অনলাইনে নির্ধারিত ওয়েবসাইটে ভর্তির আবেদন

কার্যক্রম পরিচালিত হবে।

অফলাইনে কোন শিক্ষাপ্রতিষ্ঠান এই ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে না।

দেশের সব সরকারি ও বেসরকারি কলেজ ও সমমান প্রতিষ্ঠান এই ভর্তি প্রক্রিয়ায়

অংশগ্রহণ করতে হবে। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

ভর্তি কার্যক্রম

প্রথম পর্যায়ের আবেদন গ্রহণ চলবে ১০ থেকে ২০ আগস্ট।

পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করা শিক্ষার্থীরা এ সময় আবেদন করতে পারবে।

ফল পরিবর্তন হলে তারা ৩১ আগস্ট আবারও আবেদনের সুযোগ পাবে। একই দিনে

সব শিক্ষার্থী তাদের কলেজের পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। এই পর্যায়ের

ফল প্রকাশ করা হবে ৫ সেপ্টেম্বর রাত ৮টায়।

ভর্তি নিশ্চায়ন না করলে পুনরায় আবেদন ফি দিয়ে ৭ থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত

দ্বিতীয় ধাপে ভর্তির আবেদন করা যাবে।

দ্বিতীয় ধাপের ফল প্রকাশ ও প্রথম ধাপের মাইগ্রেশন ফল প্রকাশ হবে ১৬

সেপ্টেম্বর। এ পর্যায়ে ভর্তি নিশ্চায়ন চলবে ১৭ থেকে ১৮ সেপ্টেম্বর।

দ্বিতীয় ধাপে ভর্তি নিশ্চায়ন না করলে আবারও ভর্তি ফি দিয়ে তৃতীয় ধাপে ২০ ও

২১ সেপ্টেম্বর ভর্তির আবেদন করা যাবে। তৃতীয় পর্যায়ের ভর্তির আবেদন ফল

প্রকাশ ও দ্বিতীয় মাইগ্রেশনের ফল প্রকাশ করা হবে ২৩ সেপ্টেম্বর। এ পর্যায়ে ২৪

ও ২৫ সেপ্টেম্বরের মধ্যে ভর্তি নিশ্চায়ন করা না হলে আবেদন বাতিল হবে।

আবেদন ও ভর্তি ব্যয় নির্ধারণ

আবেদনে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজ ও সমমান প্রতিষ্ঠান পছন্দের

তালিকায় রাখা যাবে। এ বছর আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১৫০ টাকা। এ

ছাড়া শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের থেকে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার ক্ষেত্রে বিভিন্ন

খাতে মোট ৩৩৫ টাকা গ্রহণ করবে।

ভর্তি ফি আদায়ে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর বিষয়ে বলা হয়, এমপিওভুক্ত প্রতিষ্ঠান

উন্নয়ন ফি নিতে পারবে না। এলাকাভিত্তিক বাংলা ও ইংরেজি ভাস্বের জন্য

সর্বোচ্চ ভর্তি ফি ১ হাজার ৫০০ টাকা থেকে ৫ হাজার পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

এ ছাড়া নন এমপিও প্রতিষ্ঠানগুলো বাংলা ও ইংরেজি ভাস্বে শিক্ষার্থী ভর্তির

ক্ষেত্রে এলাকা অনুযায়ী ২ হাজার ৫০০ থেকে ৮ হাজার ৫০০ টাকা পর্যন্ত গ্রহণ

করতে পারবে। ভর্তির ক্ষেত্রে যেসব খাতে ফি নেওয়ার হবে তার রশিদ সংরক্ষণ

করতে হবে। কোন শিক্ষাপ্রতিষ্ঠান আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করলে

তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।